

WB Police Warder/Female Warder (জেল পুলিশ) ২০১৯ প্রশ্নপত্র

Exam held – 15.09.2019

1. 'লিনিং টাওয়ার অফ পিসা' অবস্থিত আছে—
(a) জাপানে (b) ইরানে
(c) ইরাকে (d) ইটালিতে
2. কোন সংখ্যার $\frac{1}{5}$ অংশ 10-এর 5 গুণ হবে?
(a) 100 (b) 200
(c) 250 (d) 405
3. সঠিক উত্তর নির্ণয় করুন— 6 : 18 :: 4 : ?
(a) 12-2 (b) 12
(c) 16 (d) 8
4. **Choose the correct prefix :**
Grateful
(a) dis (b) un
(c) en (d) in
Fill up the blank :
5. He saw me by chance and _____ the car.
(a) was stopping (b) stops
(c) stopped (d) stop
6. সমুদ্রের জল সংকীর্ণ খাল দিয়ে আংশিক বা সম্পূর্ণরূপে প্রসারিত হয়ে মূল সমুদ্র থেকে বিচ্ছিন্ন হয়ে যে জলরাশি গঠন করে তাকে বলে—
(a) যোজক (b) প্রণালী
(c) উপসাগর (d) উপহ্রদ
7. একটি আয়নাতে ঘড়ির সময় যখন 3টে বেজে 15 মিনিট দেখায় তখন সঠিক সময় হবে—
(a) 9টা বেজে 15 মিনিট (b) 9টা বেজে 45 মিনিট
(c) 8টা বেজে 15 মিনিট (d) 8টা বেজে 45 মিনিট
8. নিম্নলিখিত কোনটি Internet পরিষেবার অগ্রদূত (forerunner)?
(a) INTRANET
(b) WIDE AREA NETWORK
(c) LOCAL AREA NETWORK
(d) ARPANET
Select the appropriate meaning of the following Idioms & Phrases :
9. Blue Blood
(a) Member of reptile family
(b) Blood colour changed to Blue
(c) Member of aristocratic or noble family
(d) Belonging to the working class society
Fill up the blank with the correct word :
10. The shepherd was looking after the _____ of sheep.
(a) fleet (b) gang
(c) flock (d) crew
11. 'টাচিং দ্য স্কাই উইথ গ্লোরি' এটি কাদের নীতিবাক্য (motto) ?
(a) ইন্ডিয়ান নেভি (b) ইসরো
(c) আই. এ. এফ (d) এয়ার ইন্ডিয়া
12. নীচের কোন গরিষ্ঠ সংখ্যাটির (greatest number) দ্বারা 259 এবং 847 কে ভাগ করলে প্রত্যেক ক্ষেত্রেই 7 অবশিষ্ট থাকবে?
(a) 47 (b) 168
(c) 21 (d) 84
13. 'জাভা' (JAVA) কে আবিষ্কার করেন?
(a) জার্মিন লারসন (b) জন রেইড
(c) জেমস এ গোসলিং (d) জেমস লং
Select the appropriate meaning of the following Idioms & Phrases :
14. Bolt from the blue
(a) No idea (b) A complete surprise
(c) Informing something bad
(d) Thundering
Fill up the blanks :
15. We hope that Papa _____ soon.
(a) will come (b) is coming
(c) will be coming (d) come
16. কৃষ্ণা নদীর উৎপত্তিস্থল হল—
(a) দাক্ষিণাত্য মালভূমি (b) ছোটনাগপুর মালভূমি
(c) পশ্চিমঘাট পর্বতমালা (d) পূর্বঘাট পর্বতমালা
17. $\frac{18}{6}$ কে শতাংশে পরিণত করো—
(a) 3% (b) 30%
(c) 150% (d) 300%
18. Microsoft PowerPoint-এর সর্বোচ্চ 'zoom percentage' হল—
(a) 400% (b) 150%
(c) 600% (d) 100%
Find the correctly spelt word :
19. (a) Juriesdiction (b) Juresdiction
(c) Jurisdection (d) Jurisdiction
Find the correctly spelt word :
20. (a) Accident (b) Acecident
(c) Accedent (d) Acident
21. 2022 সালে কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হবে—
(a) নিউজিল্যান্ড (b) দঃ আফ্রিকা
(c) ইংল্যান্ড (d) অস্ট্রেলিয়া
22. কোন সংখ্যা দুটি এর পরে আসবে?
6, 10, 14, 18, 22, 26, 30
(a) 34, 36 (b) 34, 38
(c) 38, 42 (d) 36, 40

23. 'X'-এর জায়গায় কী বসবে?

চন্দ্র : উপগ্রহ : : পৃথিবী : X

- (a) উল্কা (b) সৌরজগৎ
(c) গ্রহ (d) সূর্য

Choose the correct prefix :

24. Danger

- (a) en (b) ous (c) ed (d) er

Find the correctly spelt word :

25. (a) Guarunte (b) Guaraante
(c) Guarantee (d) Guarante

26. নিম্নলিখিত কোন ব্যক্তি 'ভারতের শেকসপিয়ার' নামে পরিচিত?

- (a) সুরদাস (b) তুলসীদাস
(c) বেদব্যাস (d) কালিদাস

27. সারিটি পূরণ করো : F2, _____ D8, C16, B32

- (a) E3 (b) G4 (c) E4 (d) A6

28. সারিটি পূরণ করো : V, VII, XI, XIV, _____, XX

- (a) XVII (b) XXIII
(c) XV (d) IX

Select the appropriate meaning of the following Idioms & Phrases :

29. Raining cats and dogs

- (a) Fighting between animals
(b) Raining blows on pets
(c) Fighting between two groups
(d) Raining heavily

Find the correctly spelt word :

30. (a) Annalytical (b) Anelytical
(c) Analitical (d) Analytical

31. 'চন্দ্রযান 2' মহাকাশযান উৎক্ষেপিত হয়েছিল

- (a) থুশা ইকুইটোরিয়াল রকেট লঞ্চিং স্টেশন থেকে
(b) সতীশ ধাওয়ান স্পেস সেন্টার থেকে
(c) ইউ আর রাও স্পেস সেন্টার থেকে
(d) বিক্রম সারাভাই স্পেস সেন্টার থেকে

32. অমিত রাকেশের থেকে 5 বছর আগে জন্মগ্রহণ করে। রাকেশ অনিলের থেকে 3 বছরের ছোট। যদি অমিতের বর্তমান বয়স 17 বছর হয় তাহলে অনিলের বর্তমান বয়স কত?

- (a) 19 বছর (b) 12 বছর
(c) 15 বছর (d) 8 বছর

33. কোন দিনটি 'কম্পিউটার স্বাক্ষরতা দিবস' হিসাবে পালিত হয়?

- (a) 2 ডিসেম্বর (b) 13 জুন
(c) 16 এপ্রিল (d) 17 ডিসেম্বর

Select the appropriate meaning of the following Idioms & Phrases :

34. In hot water

- (a) Medically useful water
(b) Water in turbulence
(c) Water getting hot suddenly
(d) Trouble with someone

Choose the correct prefix :

35. Advantage

- (a) ub (b) re
(c) dis (d) de

36. কোন শহর 'উৎসবের শহর' নামে পরিচিত?

- (a) নাগপুর (b) বারাণসী
(c) জয়পুর (d) মাদুরাই

37. একজন দোকানদার তার দোকানের জিনিসপত্রে 10% ছাড় দেয়। কোনো জিনিসের নির্ধারিত মূল্য 450 টাকা হলে তার বিক্রিত মূল্য কত হবে?

- (a) Rs. 495 (b) Rs. 400
(c) Rs. 395 (d) Rs. 405

38. 'First Generation Computer'-এর সময়কাল হল :

- (a) 1946-1959 (b) 1955-1965
(c) 1945-1979 (d) 1940-1950

Fill up the blank :

39. When the Principal entered the class, a student _____ on the blackboard.

- (a) is writing (b) was writing
(c) writes (d) wrote

Fill up the blank :

40. Columbus _____ America.

- (a) had discovered (b) discovered
(c) has discovered (d) discovers

41. তুঙ্গভদ্রা অভয়ারণ্য কোথায় অবস্থিত?

- (a) কর্ণটিকে (b) গোয়ায়
(c) মিজোরামে (d) পশ্চিমবঙ্গে

42. মান নির্ণয় করুন : $\frac{x^{-5}}{x^{-3}} \times \frac{x^5}{x^3}$

- (a) x - 1 (b) 0
(c) 1 (d) - 1

43. বিশ্বের প্রথম মাইক্রোপ্রসেসর হল—

- (a) ইন্টেল 4009 (b) ইন্টেল 4004
(c) ইন্টেল 4001 (d) ইন্টেল 4002

Fill up the blank with the correct word :

44. Because of the bitter experience of the past, he _____ everywhere.

- (a) suspects foul (b) smells a rat
(c) sees a danger (d) disbelieve

Fill up the blank :

45. The train had left before I _____ the station.

- (a) reaches (b) reach
(c) was reaching (d) reached

46. নিম্নলিখিত যে দেশটির জনসংখ্যা পৃথিবীর মধ্যে সবথেকে কম

- (a) ভিয়েতনাম (b) কানাডা
(c) ভ্যাটিকান সিটি (d) পেরু

47. A এবং B-এর বয়সের অনুপাত 3 : 5। B-এর বয়স A-এর থেকে 8 বছর বেশি হলে A-এর বয়স কত?
 (a) 20 বছর (b) 15 বছর
 (c) 10 বছর (d) 12 বছর
48. 'পেন্টিয়াম' (Pentium) নীচের কোনটির সঙ্গে সম্পর্কযুক্ত?
 (a) মাইক্রোপ্রসেসর (b) হার্ড ডিস্ক
 (c) মাউস (d) ডি. ভি. ডি.

Fill up the blank with the correct word :

49. The salt spray has gradually _____ the bridge.
 (a) corroded (b) ravaged
 (c) demolished (d) spoilt

Find the correctly spelt word :

50. (a) Aggrissive (b) Aggressive
 (c) Agresssive (d) Aggresived
51. সূর্যের পৃষ্ঠতলের আনুমানিক তাপমাত্রা হল—
 (a) 9000 ডিগ্রি সেলসিয়াস (b) 4000 ডিগ্রি সেলসিয়াস
 (c) 6000 ডিগ্রি সেলসিয়াস (d) 3000 ডিগ্রি সেলসিয়াস
52. নীচের শব্দগুলির মধ্যে অমিল কোনটি?
 (a) আলু (b) গম
 (c) ভুট্টা (d) চাল

53. 'COBOL'-এর নির্মাতা কে?
 (a) গ্রেম স্মিথ লরেন্স (b) ভিন মার্চেন্ট
 (c) ডগলাস মার্টিন (d) গ্রেস মারি ছপার

Fill up the blank with the correct word :

54. My father keeps all his _____ papers under lock & key.
 (a) confidential (b) necessary
 (c) useful (d) required

Choose the correct prefix :

55. Monthly
 (a) over (b) bye
 (c) anti (d) bi
56. নিম্নলিখিত কোন জোড়াটি সঠিক নয়?
 (a) সমচাপরেখা (Isobars) — চাপ
 (b) সমকালীন (Isochronal) — সময়
 (c) সমোষ্ণরেখা (Isotherms) — তাপমাত্রা
 (d) সমবর্ষণরেখা (Isohyets) — আর্দ্রতা
57. 16টি সংখ্যার গড় 8। যদি প্রতিটি সংখ্যার সঙ্গে 2 যোগ করা হয় তাহলে সংখ্যাগুলির নতুন গড় হবে—
 (a) 14 (b) 11
 (c) 10 (d) 12
58. যদি কোনো সাংকেতিক ভাষায় MADRAS শব্দটিকে লেখা হয় NBESBT তাহলে ওই ভাষায় BOMBAY শব্দটিকে লেখা হবে—
 (a) CQOCBZ (b) CPNCBZ
 (c) CPOCBZ (d) CPNCBZ

Choose the correct prefix :

59. Human
 (a) non (b) in
 (c) un (d) de
60. তাপ মাপার যন্ত্র হল—
 (a) থার্মোমিটার (b) ক্যালোরিমিটার
 (c) ল্যাক্সোমিটার (d) ব্যারোমিটার

61. মান নির্ণয় করুন— $\sqrt[3]{216}$
 (a) 6 (b) 3·6
 (c) 12 (d) 36

62. 'SQL'-এর সম্পূর্ণ রূপটি হল—
 (a) Student Query Line
 (b) Structured Question List
 (c) Straight Query Language
 (d) Structured Query Language

Fill up the blank with the correct word :

63. I can not _____ to know much about it.
 (a) contemplate (b) pretend
 (c) conceive (d) imagine

Select the appropriate meaning of the following Idioms & Phrases :

64. To bell the cat
 (a) To face the risk (b) Conflict
 (c) Make friendship (d) Facing enemy
65. বিখ্যাত ক্রিকেট স্টেডিয়াম 'ইডেন গার্ডেন' অবস্থিত—
 (a) ওয়েস্ট ইন্ডিজ (b) ইংল্যান্ডে
 (c) অস্ট্রেলিয়ায় (d) ভারতে
66. $0.123 \div 10^3$ হল
 (a) 0.000123 (b) 0.0123
 (c) 0.01023 (d) 123
67. 'Microsoft Word' নিম্নলিখিত কোনটির উদাহরণ?
 (a) Input Device (b) Application Software
 (c) Processing Device (d) Operating System
68. প্রথম ভারতীয় মহিলা পাইলট ছিলেন—
 (a) নেহা শর্মা (b) ববিতা সাভারকর
 (c) দুর্গা ব্যানার্জী (d) হেমা দেবী
69. পতঙ্গ সম্বন্ধিত পড়াশোনাকে বলে—
 (a) ইকোলজি (b) ইটিমোলজি
 (c) এন্টোমোলজি (d) অ্যাছোলজি
70. নিম্নলিখিত কোন সংখ্যাটি এর পরে আসবে?
 $2, 1, \frac{1}{2}, \frac{1}{4}, \text{_____}$

- (a) $\frac{1}{8}$ (b) $\frac{1}{9}$
 (c) $\frac{2}{8}$ (d) $\frac{1}{3}$

71. A, B-এর বোন, C, B-এর মা D, C-এর বাবা, E, D-এর মা। তাহলে A, D-এর কী হয়?
 (a) শাশুড়ি (b) ঠাকুমা
 (c) কন্যা (d) নাতনি
72. নীচের সংখ্যাগুলির মধ্যে কোনটি বৃহত্তম?
 (a) 30-এর $\frac{1}{5}$ (b) 200-এর $\frac{2}{5}$
 (c) 20-এর 0.2 অংশ (d) 50-এর 50%
73. নিম্নলিখিত কোন গ্রহ দুটি পৃথিবী অপেক্ষা সূর্যের নিকটে অবস্থিত?
 (a) শুক্র এবং বুধ (b) নেপচুন এবং শুক্র
 (c) মঙ্গল এবং শনি (d) বৃহস্পতি এবং বুধ
74. একটি নির্দিষ্ট মূল্যের টাকা সরল সুদে 5 বছরে তিনগুণ হলে বার্ষিক শতকরা সুদের হার হবে—
 (a) 50% (b) 10%
 (c) 40% (d) 20%
75. 5 সেপ্টেম্বর কার স্মৃতির উদ্দেশ্যে শিক্ষক দিবস হিসাবে পালিত হয়?
 (a) সর্বপল্লি রাধাকৃষ্ণন (b) মহাত্মা গান্ধী
 (c) সর্দার বল্লভভাই প্যাটেল (d) রাজেন্দ্র প্রসাদ
76. নীচের কোন সংখ্যাটি 9 দ্বারা সম্পূর্ণরূপে বিভাজ্য?
 (a) 416138 (b) 456138
 (c) 447148 (d) 444138
77. লোকসভায় সভাপতিত্ব করেন—
 (a) প্রাইম মিনিস্টার (b) প্রেসিডেন্ট
 (c) ভাইস প্রেসিডেন্ট (d) স্পিকার
78. একটি বর্গাকার জমির কর্ণ 30 মিটার। ওই বর্গাকার জমির ক্ষেত্রফল নির্ণয় করুন।
 (a) 84 বর্গমিটার (b) 500 বর্গমিটার
 (c) 450 বর্গমিটার (d) 90 বর্গমিটার
79. 'গীতবোবিন্দ' যার অনবদ্য সৃষ্টি তিনি হলেন—
 (a) জয়দেব (b) কালিদাস
 (c) ভবভূতি (d) বাণভট্ট
80. একটি বালকের 5টি লাল বল, 3টি সাদা বল এবং 2টি হলুদ বল আছে। তার কাছে কত শতাংশ হলুদ বল আছে?
 (a) 12% (b) 20%
 (c) 40% (d) 15%
81. নীচের কোন সালটি অধিবর্ষ (leap year) ছিল?
 (a) 1998 (b) 2002
 (c) 2014 (d) 2004
82. কোনো সংখ্যা 25-এর $\frac{1}{3}$ -এর থেকে 6 বেশি হলে সংখ্যাটি কত হবে?
 (a) 18:33 (b) 15:33
 (c) 14:33 (d) 8:33
83. ভারতবর্ষের যে ব্যাঙ্ক প্রথম এ. টি. এম. পরিষেবা চালু করে—
 (a) অ্যান্ড্রিস ব্যাঙ্ক (b) ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
 (c) এইচ. এস. বি. সি. (d) এস. বি. আই
84. মান নির্ণয় করুন : $3.5 \times (60 \div 2.5)$
 (a) 84 (b) 10
 (c) 0.01 (d) 8.4
85. ভারতীয় মহাকাশ গবেষণার জনক হলেন—
 (a) মোহন পাণ্ডে (b) আশুতোষ ভার্মা
 (c) বিক্রম সারাভাই (d) রাকেশ শর্মা
86. ভারতের প্রথম কোন রাষ্ট্রপতি পদে থাকাকালীন মারা যান?
 (a) ভি. ভি. গিরি (b) রাজেন্দ্র প্রসাদ
 (c) জওহরলাল নেহেরু (d) জাকির হোসেন
87. 1365, 1560 এবং 1755 সংখ্যাগুলির গ.সা.গু. (HCF) হল—
 (a) 159 (b) 591
 (c) 157 (d) 195
88. 36-এর 0.4% হবে—
 (a) 14.33 (b) 0.144
 (c) 14.4 (d) 1.44
89. নিম্নলিখিত কোন ধাতুটি সবথেকে ভারী?
 (a) সিসা (b) ওসমিয়াম
 (c) পারদ (d) সোনা
90. মান নির্ণয় করুন— $120 \div (6+12 \times 2)$
 (a) 4 (b) 40
 (c) 6 (d) 20

WB Police Warder/Female Warder (জেল পুলিশ) ২০১৯

Answers with Explanation

1. (d) 'লিনিং টাওয়ার অফ পিসা' ইতালির পিসা শহরে অবস্থিত। এটি 'স্কোয়ার অফ মিরাকেলস' নামক জমির ওপর নির্মিত। ভিত্তি স্থিতিশীল না হওয়ার ফলস্বরূপ এটি প্রায় 4° হেলানো। এটি পিসা ক্যাথিড্রাল-এর পিছনে অবস্থিত তৃতীয় প্রাচীন মিনার।
2. (c) $\frac{1}{5} \times x = 5 \times 10$
 $x = 250$
3. (b) $6 : 18 :: 4 : ?$
 $\frac{6}{18} = \frac{4}{x}$
 $x = 12$
4. (b) Ungrateful
5. (c) Stopped
 (2nd action of past is generally placed in Past Indefinite.)
6. (d) সমুদ্রের জল সংকীর্ণ খাল দিয়ে আংশিক বা সম্পূর্ণরূপে প্রসারিত হয়ে মূল সমুদ্র থেকে বিচ্ছিন্ন হয়ে যে জলরাশি গঠন করে তাকে উপহ্রদ বলে। ওড়িশার উপকূলে অবস্থিত চিঙ্কা একটি উপহ্রদ।
7. (d) $11 : 60 - 3 : 15 = 8 : 45$
 সূত্রাং $3 : 15$ -এর mirror image $8 : 45$ ।
8. (d) Internet পরিষেবার অগ্রদূত হল ARPANET (Advanced Research Project Agency Network)। এটি মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগের নেটওয়ার্ক যা 1969 সালে আবিষ্কৃত হয়েছিল। 1971 সালে ARPANET 23টি বিশ্ববিদ্যালয় এবং সরকারি সংস্থাকে যুক্ত করেছিল।
9. (c) Member of aristocratic or noble family.
10. (c) flock of sheep.
 (fleet of boats/gang of thieves/labourers crew of sailors)
11. (c) ভারতীয় বিমান বাহিনী (আই.এ.এফ) হল ভারতীয় সশস্ত্র বাহিনীর প্রধান অঙ্গ। ভারতীয় বিমান বাহিনী 8 অক্টোবর, 1932 সালে স্থাপিত হয়েছিল। এই বাহিনীর নীতিবাক্য হল—'নভঃ স্পৃশম দীপ্তম' (সংস্কৃত) যার ইংরাজি অর্থ হল—'Touching the sky with Glory'.
12. (d) প্রশ্নানুসারে সংখ্যাটি হল,
 (259 - 7) এবং (847 - 7) -এর গ.সা.গু.
 $\therefore 252$ এবং 840 -এর গ.সা.গু.,
 $250 \quad 840 \quad (3)$
 $\quad \quad 756$
 $\quad \quad 84) 252 \quad (3$ সংখ্যাটি হল 84।
 $\quad \quad \quad 252$
 $\quad \quad \quad \times$
13. (c) জেমস এ গোসলিং মূলত সান মাইক্রোসিস্টেমে জাভা আবিষ্কার করেছিলেন, যা পরে ওরাকেল কোম্পানি দ্বারা অধিগ্রহণ করা হয়। এটি 1995 সালে সান মাইক্রোসিস্টেমের জাভা প্ল্যাটফর্মের মূল উপাদান হিসাবে প্রকাশিত হয়।
14. (b) A complete surprise.
15. (a) Will come.
 (the speaker assumes that something will happen)
16. (c) কৃষ্ণা নদী মহারাষ্ট্রের 1300 মিটার উচ্চতায় অবস্থিত পশ্চিমঘাট পর্বতমালার নিকটবর্তী মহাবালেশ্বর থেকে উৎপত্তি হয়েছে। এটি ভারতের একটি অন্যতম দীর্ঘতম নদী (1400 কিমি, দৈর্ঘ্য)।
17. (d) $\frac{18}{6} \times 100 = 300\%$
18. (a) Microsoft Power Point উপস্থাপনার জন্য ব্যবহৃত একটি গুরুত্বপূর্ণ অ্যাপ্লিকেশন। এর সর্বোচ্চ 'Zoom Percentage' হল 400%।
19. (d) Jurisdiction
20. (a) Accident
21. (c) 2022 সালের কমনওয়েলথ গেমস ইংল্যান্ডের বার্মিংহামে অনুষ্ঠিত হবে। এই নিয়ে তৃতীয়বার ইংল্যান্ড কমনওয়েলথ গেমস-এর আয়োজন করবে। 27 জুলাই, 2022 থেকে 7 আগস্ট, 2022-এর মধ্যে এই গেমসটি অনুষ্ঠিত হবে।
22. (b) 6, 10, 14, 18, 22, 26, 30 -এর পরের দুটি সংখ্যা,
 $6 + 4 = 10$ $30 + 4 = 34$
 $10 + 4 = 14$ $34 + 4 = 38$
 $14 + 4 = 18$
 $18 + 4 = 22$
 $22 + 4 = 26$
 $26 + 4 = 30$
23. (c) গ্রহ
24. (a) endanger
25. (c) Guarantee
26. (d) কালিদাস 'ভারতের শেক্সপিয়ার' রূপে পরিচিত। তিনি একজন অন্যতম শ্রেষ্ঠ সংস্কৃত লেখক।
27. (c) $\begin{array}{cccc} \times 2 & \times 2 & \times 2 & \times 2 \\ \downarrow & \downarrow & \downarrow & \downarrow \\ F2, & E4, & D8, & C16, & B32 \\ \uparrow & \uparrow & \uparrow & \uparrow \\ -1 & -1 & -1 & -1 \end{array}$
28. (a)
29. (d) Raining heavily
30. (d) Analytical

31. (b) 'চন্দ্রযান 2' 2019 সালের 22 জুলাই ভারতীয় সময় দুপুর 2 : 43 মিনিটে শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান স্পেস সেন্টার থেকে উৎক্ষেপিত হয়েছিল। এটিকে ইসরোর জিওসিনক্রোনাস লঞ্চ ভেহিক্যাল (GSLV)-এর মাধ্যমে উৎক্ষেপণ করা হয়েছিল।
32. (c) অমিত-এর বয়স রাকেশের অপেক্ষা 5 বছর বেশি
তাহলে, রাকেশ-এর বর্তমান বয়স = $(17 - 5)$ বছর
= 12 বছর
অনিল, রাকেশ অপেক্ষা 3 বছরের বড়,
তাহলে, অনিলের বর্তমান বয়স = $(12 + 3)$ বছর
= 15 বছর
33. (a) 2 ডিসেম্বর 'কম্পিউটার স্বাক্ষরতা দিবস' হিসাবে পালিত হয়। 'বিশ্ব কম্পিউটার স্বাক্ষরতা দিবস' কম্পিউটার এবং অন্যান্য ইলেকট্রনিক যন্ত্রপাতি সম্পর্কে সচেতনতা প্রচারের জন্য পালন করা হয়।
34. (d) Trouble with someone
35. (c) disadvantage
36. (d) মাদুরাই শহর 'উৎসবের শহর' হিসাবে পরিচিত। মাদুরাইয়ের উৎসবগুলি তাদের রঙ এবং সাবলীলতার জন্য সুপরিচিত। ভক্তরা বিপুল সংখ্যায় একত্রিত হয়ে এখানে দেবদেবীদের উপাসনা করেন।
37. (d) জিনিসটির নির্ধারিত মূল্য = 450 টাকা এবং তার উপর 10% ছাড় দেওয়া হলে,
দ্রব্যটির বিক্রয় মূল্য হল $= \left(450 \times \frac{90}{100}\right)$ টাকা
= 405 টাকা
- 38.
39. (b) was writing
[The first action was being continued when the second action (Principal entered) took place.]
40. (b) discovered (an event of past)
41. (a) তুঙ্গভদ্রা অভয়ারণ্য কর্ণাটক রাজ্যের চিকমাগালুর শহরের 38 কিমি উত্তর-পশ্চিমে এবং ভদ্রাবতী শহরের 23 কিমি দক্ষিণে অবস্থিত। এটি একটি ব্যায় সঞ্চারক কেন্দ্র।
42. (c) $\frac{x^{-5}}{x^{-3}} \times \frac{x^5}{x^3}$
 $= \frac{x^{-5+5}}{x^{-3+3}} = x^0 = 1$
43. (b) 1971 সালের নভেম্বর মাসে ইন্টেল কোম্পানি 'ইন্টেল 4004' নামে পৃথিবীর প্রথম একক চিপ দ্বারা চালিত মাইক্রোপ্রসেসর আবিষ্কার করে। এটি একটি 4 বিট-এর সিপিইউ।
44. (b) smells a rat (begin to suspect something wrong)
45. (d) reached.
(2nd action of Past will be indefinite)
46. (c) ভ্যাটিকান সিটি-র জনসংখ্যা পৃথিবীর মধ্যে সবথেকে কম। এটি রাষ্ট্রপুঞ্জ দ্বারা স্বীকৃত সর্বনিম্ন জনসংখ্যাবিশিষ্ট দেশ।
47. (d) ধরা যাক, A এবং B -এর বর্তমান বয়স যথাক্রমে, 3x বছর এবং 5x বছর

প্রশ্নানুসারে,

$$5x - 3x = 8$$

$$2x = 8$$

$$x = 4$$

তাহলে, A-এর বর্তমান বয়স = (3×4) বছর = 12 বছর

48. (a) 'পেন্টিয়াম' (Pentium) ইন্টেল কর্পোরেশন দ্বারা তৈরি একটি বহুল ব্যবহৃত কম্পিউটার মাইক্রোপ্রসেসর। এটি 1993 সালে প্রথম উপস্থাপিত হয়েছিল।

49. (a) corroded
corroded : to slowly break apart and destroy through a chemical process.
ravaged : violent destruction
demolished : to damage
spoil : something stolen

50. (b) Aggressive

51. (c) সূর্যের পৃষ্ঠতলের আনুমানিক তাপমাত্রা হল 6000 ডিগ্রি সেলসিয়াস (আসলে 5600C°, 10,000° ফারেনহাইট)। সূর্যের পৃষ্ঠতল থেকে কেন্দ্রের দিকে তাপমাত্রা ক্রমশ বাড়তে থাকে।

52. (a) আলু ছাড়া বাকিগুলি দানাশস্য। আলু হল সবজি।

53. (d) 1959 সালে CODASYL প্রথম COBOL (Common Business-Oriented Language) তৈরি করেছিল। এটি গ্রেস মারি হুপারের সৃষ্টি প্রোগ্রামিং ভাষার ওপর ভিত্তি করে তৈরি হয়েছিল। মূলত ব্যবসায়িক ক্ষেত্রে ব্যবহারের জন্য এই প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ তৈরি করা হয়েছিল। এছাড়াও বিভিন্ন প্রশাসনিক ক্ষেত্রেও এই ল্যাঙ্গুয়েজ ব্যবহৃত হয়।

54. (a) Confidential
(if the matter is 'secret or private', it should be kept out of' reach of other persons)

55. (d) bimonthly

56. (d) ভূপৃষ্ঠের সমান বৃষ্টিপাতযুক্ত অঞ্চলগুলিকে যে কালনিক রেখা দ্বারা যুক্ত করা হয় তাকে সমবর্ষণ রেখা বলে।


57. (c) 16 টি সংখ্যার গড় = 8

তাহলে তাদের সমষ্টি = (16×8)


যদি প্রতিটি সংখ্যা 2 করে বর্ধিত হয়, তাহলে নতুন সমষ্টি হল

$$= (16 \times 8) + (16 \times 2) = 160$$

$$\text{সংখ্যাগুলির নতুন গড়} = \frac{160}{16} = 10$$



একইভাবে,



59. (b) inhuman

60. (b) তাপ মাপার যন্ত্র হল ক্যালোরিমিটার। ক্যালোরিমিটার দ্বারা ভৌত এবং রাসায়নিক পরিবর্তনের সময় তাপের পরিবর্তন পরিমাপ করা হয়।

61. (a) $\sqrt[3]{216}$

$$\sqrt[3]{6^3} = 6$$

62. (d) 'SQL' -এর সম্পূর্ণ রূপটি হল Structured Query Language। এটি ডেটাবেস থেকে তথ্য অনুসন্ধানের জন্য ব্যবহৃত একটি ভাষা।

63. (b) Pretend

64. (a) to face the risk

65. (d) বিখ্যাত ক্রিকেট স্টেডিয়াম 'ইডেন গার্ডেনস' ভারতের কলকাতা শহরে অবস্থিত। এটি 1864 সালে স্থাপিত হয়েছিল। ভারতবর্ষের সবচেয়ে প্রাচীন ক্রিকেট স্টেডিয়াম ইডেন গার্ডেনস।

66. (a) $\frac{0.123}{10^3} = 0.000123$

67. (b) মাইক্রোসফট ওয়ার্ড একটি অ্যাপ্লিকেশন সফটওয়্যার। এর দ্বারা তথ্য টাইপ ও সেভ করা যায়।

68. (c) দুর্বা ব্যানার্জী 1956 সালে ইন্ডিয়ান এয়ারলাইন্সের প্রথম মহিলা পাইলট হয়েছিলেন। তিনি 1959 সালে Air Survey of India-র ডিসি3 পাইলট হিসাবে তার বিমানচালনা শুরু করেছিলেন।

69. (c) পতঙ্গ সম্পর্কিত পড়াশোনাকে এন্টোমোলজি বলা হয়। এটি প্রাণীবিদ্যার একটি শাখা।

70. (a) 2, 1, $\frac{1}{2}$, $\frac{1}{4}$ -এর পরের সংখ্যাটি হল $\frac{1}{8}$

$$2 \div 2 = 1$$

$$1 \div 2 = \frac{1}{2}$$

$$\frac{1}{2} \div 2 = \frac{1}{4}$$

$$\frac{1}{4} \div 2 = \frac{1}{8}$$

71. (d)
$$\begin{array}{c} E^- \\ | \\ D^+ \\ | \\ C^- \\ | \\ B-A^- \end{array}$$

72. (b) $\frac{1}{5} \times 30 = 6$ $\frac{2}{5} \times 200 = 80$

$$0.2 \times 20 = 4 \quad 50\% \text{ of } 50 = 25$$

73. (a) বুধ সূর্যের সবচেয়ে নিকটতম গ্রহ। শুক্র সূর্যের দ্বিতীয় নিকটতম গ্রহ এবং পৃথিবী সূর্যের তৃতীয় নিকটতম গ্রহ। সুতরাং শুক্র এবং বুধ পৃথিবী অপেক্ষা সূর্যের নিকটে অবস্থিত।

74. (c) ধরা যাক, আসল = 100/-
সুদে-আসলে হবে = 300/-

$$\begin{aligned} \text{সুদ} &= (300 - 100)/- \\ &= 200/- \end{aligned}$$

$$\therefore \text{সুদের হার} = \frac{200}{5} = 40\%$$

75. (a) প্রতি বছর 5 সেপ্টেম্বর ড. সর্বপল্লী রাধাকৃষ্ণাণের স্মৃতির উদ্দেশ্যে শিক্ষক দিবস পালন করা হয়। তিনি একজন বিখ্যাত শিক্ষাবিদ এবং ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি ছিলেন। 1962 সাল থেকে প্রতি বছর 5 সেপ্টেম্বর ভারতে শিক্ষক দিবস পালন করা হয়।

76. (b) অঙ্কগুলির সমষ্টি যদি সম্পূর্ণরূপে 9 দ্বারা বিভাজ্য হয়, তাহলে, সেই সংখ্যাটিও 9 দ্বারা বিভাজ্য হবে। প্রশ্নানুসারে, 456138 সংখ্যাটি 9 দ্বারা বিভাজ্য, কারণ তার অঙ্কগুলির সমষ্টি হল 27।

77. (d) লোকসভার সভাপতিত্ব করেন স্পিকার। লোকসভার প্রথম অধিবেশনে লোকসভার শাসক দলের সদস্যদের মধ্যে থেকে সাধারণ নির্বাচনের মাধ্যমে স্পিকার নির্বাচিত হন। বর্তমানে ভারতীয় জনতা পার্টির সদস্য ওম বিড়লা লোকসভার স্পিকার।

78. (c) একটি বর্গক্ষেত্রের কর্ণ = 30 মিটার

$$\text{তার ক্ষেত্রফল} = \frac{1}{2} \times (\text{কর্ণ})^2$$

$$= \left(\frac{1}{2} \times 30 \times 30\right) \text{ বর্গমিটার}$$

$$= 450 \text{ বর্গমিটার}$$

79. (a) 'গীতগোবিন্দ' কবি জয়দেবের অনবদ্য সৃষ্টি। তিনি দ্বাদশ শতাব্দীর একজন বিখ্যাত ভারতীয় কবি ছিলেন। 'গীতগোবিন্দ' কৃষ্ণ এবং বৃন্দাবনের গোপীদের সম্পর্ক বিশেষত কৃষ্ণ এবং রাধার সম্পর্কের ভিত্তিতে রচিত।

80. (b) Red \rightarrow 5

White \rightarrow 3

Yellow \rightarrow 2

বালকটির কাছে হলুদ বল আছে,

$$\frac{2}{10} \times 100 = 20\%$$

81. (d) 2004 সালটি অধিবর্ষ ছিল। যে সালকে 4 দিয়ে ভাগ করলে কোনো ভাগশেষ থাকে না সেই সালটিকে অধিবর্ষ হিসাবে গণ্য করা হয়।

82. (c) নির্ণেয় মান = $\left(\frac{1}{3} \times 25\right) + 6$
= 14.33

83. (c) এইচ.এস.বি.সি. (হংকং এবং সাংহাই ব্যাঙ্কিং কর্পোরেশন) ব্যাঙ্ক 1987 সালে প্রথম এ.টি.এম. পরিষেবা চালু করেছিল। মুম্বইয়ের আন্ডেরি ইস্ট-এ প্রথম এ.টি.এম. স্থাপন করা হয়েছিল।

84. (a) $3.5 \times (60 \div 2.5) = \frac{35}{10} \times \left(60 \times \frac{10}{25}\right) = 84$

85. (c) ভারতীয় মহাকাশ গবেষণার জনক হলেন বিক্রম সারাভাই। তিনি একজন ভারতীয় বিজ্ঞানী, পদার্থবিদ এবং জ্যোতির্বিদ

ছিলেন। 1966 সালে তিনি 'পদ্মভূষণ' এবং 1972 সালে পদ্মবিভূষণ উপাধিতে ভূষিত হন।

86. (d) জাকির হোসেন ভারতের প্রথম রাষ্ট্রপতি, যিনি রাষ্ট্রপতি পদে থাকাকালীন মারা যান। রাষ্ট্রপতি হিসাবে তাঁর পদের সময়কাল ছিল 13 মে, 1967 থেকে 3 মে, 1969 অর্থাৎ তাঁর মৃত্যুর পূর্ব পর্যন্ত। প্রসঙ্গত উল্লেখ্য জাকির হোসেন ভারতবর্ষের তৃতীয় রাষ্ট্রপতি ছিলেন।

87. (d) $1365, 1560$ এবং 1755 -এর গ.সা.গু = 195

$$\begin{array}{r} 1365)1560 \text{ (1)} \\ \underline{1365} \\ 195)1365 \text{ (7)} \\ \underline{1365} \\ \times \end{array}$$

$$\begin{array}{r} 195)1755 \text{ (9)} \\ \underline{1755} \\ \times \end{array}$$

88. (b) $\frac{4}{100 \times 10} \times 36 = \frac{144}{1000} = 0.144$

89. (b) ওসমিয়াম সবচেয়ে ভারী ধাতু। এটি সম আয়তন জলের থেকে 22.59 গুণ ভারী।

90. (a) $120 \div (6 + 12 \times 2) = 120 \times \frac{1}{30} = 4$